দৈনিক
ইনকিলাব

তারিখ ... 13 MAY 2009 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৭ ...

# সম্মিলিত বোর্ড ও বেফাকের মধ্যে বৈঠক অনুষ্ঠিত

## ৪টি বিষয়ে নীতিগত ঐকমত্য

স্টাফ রিপোর্টার ঃ গত ১০ মে ইসলামিক রিসার্চ সেন্টার বাংলাদেশ বসুন্ধরা ঢাকায় সম্মিলিত কওমী মাদরাসা শিক্ষা বোর্ড ও ঢাকাস্থ বেফাকুল মাদারিস নেতৃবৃন্দের সাথে ঐক্যের ব্যাপারে দীর্ঘ বৈঠক অনুষ্ঠিত হয়। সম্মিলিত বোর্ডের পক্ষে বৈঠকে উপস্থিত ছিলেন ইত্তিহাদুল মাদারিস চট্টগ্রামের ভারপ্রাপ্ত সেক্রেটারী ওজামিয়া ইসলামিয়া পটিয়ার ভারপ্রাপ্ত মহাপরিচালক হযরত মাওলানা আইয়ুব, সম্মিলিত বোর্ডের সেক্রেটারী মাওলানা রুহুল আমীন, সহ-সেক্রেটারী মাওলানা আব্দুল বাসেত, যুগ্ম সেক্রেটারী মুফতী মিযানুর রহমান, মাওলানা মুফতী হাবীবুর রহমান ফেনী তানজীম। বেফাকের পক্ষে ছিলেন সিনিয়র সহ-সভাপতি মাওলানা আশরাফ আলী, মাওলানা নুর হুসাইন কাসেমী, মাওলানা মুফতী ওযাক্কাস, সেক্রেটারী মাওলানা আব্দুল জব্বার ও মাওলানা আব্দুল কুদ্দুস। বৈঠকে তারা চারটি বিষয়ে নীতিগতভাবে ঐকমত্যে পৌছেন। সরকারী প্রতিনিধিমুক্ত স্বাধীন কমিশন গঠন করা সরকারের নিয়ন্ত্রণমুক্ত বোর্ডের মাধ্যমে স্বীকৃতি নেয়া, এমপিওভুক্ত না হওয়া একটি শ্রেণী সরকারী মান তথা দাওয়ারায়ে হাদীছকে এমএ (ইসলামিক স্টাডিজ) এর মান দেয়া, কিন্তু বোর্ডটি কি নামে হবে এবং মুহূর্তে তারা প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত কমিশনে যাবেন কিনা এ বিষয়গুলোতে ঐকমত্য হতে পারেনি।